

বঙ্গ বিদ্যা

**International Journal
of Bengal Studies**

2021-2022

Volume 11-12



International Society of Bengal Studies

BANGAVIDYA

International Journal of Bengal Studies

2021-2022

Volume - 11-12

First Published

2022

Special Volume Editor

Pallab Sengupta

Editor

Amitava Chakraborty

Published By

International Society of Bengal Studies

Contact Address

Bangabidya Trust

D-48, Calcutta Greens Commercial Complex, 1050/2,

Survey Park, Kolkata-700075

secisbs@gmail.com

Printed By

Sagarika Press, Kolkata - 09

ISSN - 2277-7717

Price - 350.00

স্বাধীনতা উত্তর বাংলা নাটকে জাত বৈষম্যের অভিঘাত

ব্রাহ্মণ ও ক্ষত্রিয় সমাজ তাদের বংশগত অভিজাতা এবং আত্মগৌরব কে অক্ষুণ্ণ রাখতে নিম্নবর্ণের শূদ্রদেরকে সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক সকল অধিকার থেকে বঞ্চিত করে চলেছে প্রতিনিয়ত। স্বাধীনতা-উত্তরকালে রামায়ণ ও মহাভারত কেন্দ্রিক নাটকের মধ্যে জাত বৈষম্যের অভিঘাত প্রতিফলিত হয়েছে। এই জাত বৈষম্য নিম্নবর্ণের মানুষকে দলিত করে প্রতিক্ষণে ও প্রতিপলে। নিম্নবর্ণ তার সম্মান ও মর্যাদাকে প্রতিষ্ঠিত করতে এবং নিজের অধিকার সুনিশ্চিত করতে উচ্চবর্ণের বিরুদ্ধে আন্দোলন করেছে। এই সংগ্রাম ও বিরোধ নাটকের মধ্যে উঠে এসেছে। ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রকে এই জাত বৈষম্য নানাভাবে প্রভাবিত করে। ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের 'মহাভারতের যুদ্ধ' (১৯৮৬), সৌমিত্র বসুর 'একলব্য' (২০০৪) ও 'তাড়কা' (২০০৬), কাজল চক্রবর্তীর 'মহাভারতের একজন' (১৯৮৬), অমিত মিত্রের 'একটি আদিম প্রেমকথা' (২০১৩) পার্থপ্রতিম মিত্রের 'অস্ত্রাজ ভারতকথা' (২০১০), পিনাকী ভাদুড়ীর 'শযুক বধ' এবং কুন্তল মুখোপাধ্যায়ের 'আর্যায়ণ' (২০১০) ও 'শূদ্রায়ণ' (১৯৯৮) নাটকের কাহিনির অন্তরালে জাত বৈষম্যের অন্তর্ঘাত ও অভিঘাত প্রবলভাবে ফুটে উঠেছে।

নির্মাণ ও বিনির্মাণের সৃজনশীলতায় কুন্তল মুখোপাধ্যায়ের 'শূদ্রায়ণ' রামায়ণের এক নব উপস্থাপন। ১৯৯৮ সালে গ্রুপ থিয়েটার পত্রিকায় প্রকাশিত হয় এই নাটকটি। পাদ্বেয় উপত্যকার কৃষিজীবীদের সঙ্গে বিদ্যা অঞ্চলের আদিবাসী শিকারি ও খাদ্য সংগ্রহকারীদের পারস্পরিক বিবাদ ও সংঘাত এই নাটকের মূল বিষয়। এই 'শূদ্রায়ণ' নাটকে রাবণকে পরাজিত করে কৃষিকাজের মধ্যে দিয়ে দক্ষিণাত্যে রামের একাধিপত্য প্রতিষ্ঠার স্বপ্ন ব্যক্ত হয়েছে। অনার্যদের সংগঠিত করতে চেয়েছেন রাম, তার বিরোধিতা করেছে খাদ্য সংগ্রহকারী ও শিকারি আদিবাসী নিম্নবর্ণের মানুষ মারীচ, রোমশ, ধর, দুষণ, সূপর্ণ ও মিত্রারা। উচ্চবর্ণ বনাম নিম্নবর্ণের বিরোধ আভাসিত হয়ে উঠেছে। সূপর্ণ-মিত্রার প্রেম ও মারীচ-শূপর্ণ-লক্ষণের ত্রিকোণ প্রেমের রোমান্টিকতা থাকলেও প্রাধান্য পেয়েছে শূদ্র জাগরণ।

সিদ্ধার্থ খাঁড়া, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ,

নভেম্বের্ট জেনারেল ডিগ্রি কলেজ, ভারত

International Journal of Bengal Studies, ISSN 2277-7717, Vol. : 11-12, 2022, PP 104-116